



sanitation

আধিকারিক বিজ্ঞপ্তি

অপ্রয়োজনীয় জিনিসপত্র প্রদান করবেন না

বাসনপত্র, মশলাপাতি, ন্যাপকিন এবং কন্টেইনার প্রদানের উপর বিধিনিষেধ



31 জুলাই, 2023 থেকে, নিউ ইয়র্ক সিটির খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানসমূহ* যারা বাইরে নিয়ে গিয়ে খাওয়ার সুবিধা বা ডেলিভারি প্রদান করে তাদের এই বিধিনিষেধগুলি মেনে চলতে হবে:

- গ্রাহক অনুরোধ না করলে আপনারা বাইরে নিয়ে গিয়ে খাওয়ার বা ডেলিভারির জন্য বাসনপত্র, মশলাপাতির প্যাকেট, ন্যাপকিন বা অতিরিক্ত প্লেট প্রদান করতে পারবেন না।
- আপনার অনলাইন অর্ডারিং এবং ডেলিভারি অ্যাপ্লিকেশনগুলি অবশ্যই ডিফল্টরূপে এইভাবে সেট করা থাকতে হবে যাতে আপনারা বাসনপত্র, মশলাপাতি, ন্যাপকিন বা প্লেটগুলি সরবরাহ না করেন, তবে আপনারা যদি সেগুলি দেওয়ার সুবিধা রাখেন তাহলে আপনারা সেগুলি অনলাইনে অনুরোধ করার বিকল্প প্রদান করতে পারেন।
- ডেলিভারি এবং কুরিয়ার পরিষেবাদি এই বস্তুগুলি প্রদান করতে পারবে না যদি এই ধরনের বস্তুগুলি গ্রাহকের দ্বারা অনুরোধ না করা হয়।

*এই বিধিনিষেধগুলি একটি খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানের ভিতরে মজুদ স্ব-পরিষেবা স্টেশনগুলির জন্য প্রযোজ্য নয়।

সতর্কতাবাপী **31 জুলাই, 2023** থেকে শুরু হবে এবং **1 জুলাই, 2024** থেকে জরিমানা জারি করা হবে।

এই আইনটি গ্রাহকদের একবার ব্যবহারযোগ্য বস্তু সম্পর্কিত অভ্যাস পরিবর্তন করার সাথে ব্যবসার ক্ষেত্রে অপচয় ও অপ্রয়োজনীয় খরচপাতি কম করবে।

- নমুনা চিহ্নগুলি ডাউনলোড করতে এবং আরও জানতে, **311-এ কল করুন**, **nyc.gov/skipthestuff**-এ যান, অথবা এই কোডটি স্ক্যান করুন।

